

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০১২.১৬/

তারিখঃ/০১/২০১৭ইং

প্রাপক : জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
পাবনা।

বিষয় : অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরধীন পাবনা পলিটেকনিক ইনস্টিটিউট, পাবনা এর ক্রাফট ইন্সট্রাক্টর (সপ) জনাব মোঃ আবু বকর সিদ্দীক (মুক্তিযোদ্ধা) কে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২. ১৩. ০১৯.১৬/৬৫৩(৫), তারিখ-১৮/০৯/২০১৬ইং মোতাবেক এককালীন আনুতোষিক ২১,১৫,৫৪০/- (একুশ লক্ষ পনের হাজার পাঁচশত চল্লিশ) টাকা এবং ০৫/০১/২০১৬ইং তারিখ হতে নীট মাসিক অবসরভাতা ৯,১৯৮/- (নয় হাজার একশত আটানব্বই) টাকা মঞ্জুরী প্রদান করা হয়।

২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পাবনা এর ০৮/১১/২০১৬খ্রিঃ তারিখে স্বাক্ষরিত ইএলপিসি অনুযায়ী পিআরএল কালীন ০১টি বর্ধিত বেতনসহ সর্বশেষ মাসিক মূলবেতন ২১,৪৭০/- টাকা। তার চাকুরীকাল ২৫ বৎসরের উর্ধ্বে হওয়ায় পেনশনের হার ৯০% হিসাবে মোট অবসরভাতার পরিমাণ ১৯,৩২৩/-। এর অর্ধাংশ (১৯,৩২৩÷২)=৯,৬৬১/৫০ টাকা। আনুতোষিকের জন্য অবসরভাতার ১ম অর্ধাংশের বিনিময় হার প্রতি ১/- টাকার পরিবর্তে ২৩০/- টাকা হিসাবে থোক প্রাপ্য আনুতোষিক (৯,৬৬১/৫০×২৩০/-) =২২,২২,১৪৫/- (বাইশ লক্ষ বাইশ হাজার একশত পঁয়তাল্লিশ) টাকা মাত্র এবং ০৫/০১/২০১৬ইং তারিখ হতে মাসিক নীট ৯,৬৬১/৫০ (নয় হাজার ছয়শত একষট্টি টাকা পঞ্চাশ পয়সা) হারে অবসরভাতা প্রাপ্য হবেন।

৩। উক্ত টাকা হতে পূর্বে মঞ্জুরীকৃত আনুতোষিক সমন্বয় করে অবশিষ্ট (২২,২২,১৪৫-২১,১৫,৫৪০/-)=১,০৬,৬০৫/- (এক লক্ষ ছয় হাজার ছয়শত পাঁচ) টাকা আনুতোষিক এবং ০৫/০১/২০১৬ইং তারিখ হতে নীট মাসিক অবসরভাতা ৯,১৯৮/- টাকার স্থলে ৯,৬৬১/৫০ টাকা মঞ্জুরী প্রদান করা হল।

৪। এতদসঙ্গে নিম্নোবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারীর জন্য সুপারিশসহ প্রেরণ করা হল।

ক)	পেনশন ফরম ২.১	১ কপি
খ)	পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)	২ কপি
গ)	শেষ বেতনের সনদপত্র	১ কপি
ঘ)	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	১ কপি
ঙ)	উত্তরাধিকারী সনদপত্র	১ কপি
চ)	না-দাবী সনদপত্র	১ কপি
ছ)	জাতীয় পরিচয়পত্র	১ কপি
জ)	পিআরএল এর আদেশ	১ কপি
ঝ)	পূর্বের পেনশন মঞ্জুরীর আদেশ	১ কপি
ঞ)	চাকুরী বহি	এক সেট।
৫।	এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।	

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক-৩
ফোন-০২-৮১৮১২২৫

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০১২.১৬/৮২(৫)

তারিখঃ ২১/০১/২০১৭ইং

- অবগতির জন্য অনুলিপি দেয়া হল :-
- ১। অধ্যক্ষ, পাবনা পলিটেকনিক ইনস্টিটিউট, পাবনা। এ তার ০৬/১২/২০১৬ইং তারিখের ৯৯৫ নং স্মারকের বরাতে করা হল।
 - ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
 - ৩। আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
 - ৪। জনাব মোঃ আবু বকর সিদ্দীক (মুক্তিযোদ্ধা), প্রাক্তন ক্রাফট ইন্সট্রাক্টর (সপ), পাবনা পলিটেকনিক ইনস্টিটিউট, পাবনা।
বর্তমান ঠিকানাঃ গ্রাম-চরগড়গড়ি, পোঃ বাশের বাদা-৬৬০০, থানা-ঈশ্বরদী, জেলা-পাবনা।
 - ৫। সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক-৩
ফোন-০২-৮১৮১২২৫